

ক্ল্যাশ অব ক্ল্যানের নতুন আপডেট ‘বিল্ডার বেস’

মনজুর আল ফেরদৌস

তা গ রাইডারের ক্যাপ্টেন লগ শুনতে শুনতে শেষ পর্যন্ত আমরা ক্ল্যাশ অব ক্ল্যানের নতুন আপডেটটি পেলাম। যেই আপডেটে এই গেমে নিয়ে এলো তা হলো ‘বিল্ডার বেস’। এই নতুন ওয়ান-টু-ওয়ান ব্যাটল মোড গেমটিতে পুরোপুরি নতুন এক

লেভেল কমপক্ষে অবশ্যই 8 হতে হবে। তারপর আপনি ধারের নিচের দিকে ভাসতে থাকা বোটটি মেরামত করে নিয়ে বিল্ডার বেসের উদ্দেশ্যে রওনা হয়ে যাবেন।

বিল্ডার বেসটি আপনার এতদিনের পরিচিত হোমভিলেজের চেয়ে ভিন্নভাবে

পরিচিত বিল্ডিংগুলোও হাবভাবে বদলে গেছে। আরচার টাওয়ার নিয়ে এসেছে দুটি মোড- লং রেঞ্জ বা ফাস্ট অ্যাট্যাক। মাল্টিমোড দিচ্ছে একাধিক ব্যারেলের অ্যাট্যাক।

যুক্ত হয়েছে নতুন ট্রাপস ও পুরণো ট্রাপসের নতুন আপডেট। নতুনদের ভেতর আছে বৰ্ষার, যা বড় বড় বোমা ছুড়ে মারে, আর তাতে আশপাশের এলাকার স্থাপনা ভেঙ্গে রে যায়। আছে ক্যাননকার্ট, যা ক্যানন বহন করে চার চাকার ওপর, আর যুক্ত জোগায় দারুণ শক্তি। স্লিকি আরচার অ্যাট্যাকের শুরুতে শক্রদের চোখে খুলো দিয়ে অদৃশ্য থাকতে পারে। আছে বক্সার জায়ান্ট, যার প্রথম অ্যাট্যাক বিশাল সাধন করে। আর আছে এক নতুন হিরো-দ্য মাস্টারবিল্ডার, যে কি না বিল্ডারহল ৫ নম্বর লেভেলে গেলে তারপর আনলক হয়।

বিল্ডার বেস আপডেট নিয়ে এসেছে নতুন যুদ্ধের মোড। দ্য ভারসাসব্যাটল, যেখানে ক্ল্যাশওয়ারের মতোই আপনি বিশ্বের অন্য কোনো অনলাইনের খেলোয়াড়ের সাথে হেড টু হেড খেলবেন। তফাং শুধু এতটুকুই, দুজনই থাকবেন অনলাইনে।

একে অপরকে আক্রমণ করবেন একবার করে। সেরা আক্রমণকারী জিতবেন। ক্ল্যাশওয়ারের মতোই ড্যামেজ পারসেন্টেজের চেয়ে স্টার জেতা জরুরি।

তার অর্থ, আপনি যদি ৫০ শতাংশ ড্যামেজ করতে পারেন আর তার মাঝে বিল্ডার বেস ভাঙতে পারেন, তাহলে পাচ্ছেন দুটি স্টার, আর আপনার

প্রতিপক্ষ যদি ৭০ শতাংশ ড্যামেজ আনে আর আপনার বিল্ডার বেস অক্ষত থেকে যায়, সে জিতবে একটি স্টার।

জিতবেন আপনি।

বিল্ডার বেসে আছে কিছু নতুন মেকানিজ্ম। যেমন- অটোম্যাটিক ট্রাপস ট্রেইন হয়, দেয়ালগুলো একত্রে সাজানোভাবে আসে আর আপনি অনলাইনে না থাকলে আপনাকে কেউ অ্যাট্যাকও করতে পারে না।

এগুলো হচ্ছে আপাতত নতুন পাওয়া তথ্য। এখনও মাত্র আপডেট লাইভে এলো। অনায়াসেই বলা যায়, আরও অনেক না-বলা কথা থেকে গেল, যা সময়ের সাথে বেরিয়ে আসবে।

সত্য কথা বলতে গেলে বিল্ডার বেস হচ্ছে ক্ল্যাশ অব ক্ল্যানের পরিচিত গেমের ভেতরেই অন্য একটি গেম। অর্থাৎ গেমের ভেতর আরেকটি গেম। দুটো গেমই খুব দারুণভাবে একে অন্যের সাথে সম্পৃক্ত আর গেমারদের জন্য নতুন চ্যালেঞ্জ আর রোমাঞ্চ। ইতোমধ্যে বিল্ডার বেসের ইন্টারন্যাশনাল একটি টুর্নামেন্টেরও আয়োজন করেছে সুপারসেল- প্রথিবীর ৮ দেশের সেরা আট ইউটিউবার ক্ল্যাশারকে নিয়ে। ইতোমধ্যে জমে উঠেছে বিল্ডার বেস। হোম ভিলেজে আপডেট কিংবা ওয়ারের পর শিল্ড থাকা অবস্থায় আগে যাবা অবসরে বসে থাকতেন, তাদের জন্য অবিরাম ক্ল্যাশ আর ভরপুর আনন্দের জোগান দিচ্ছে বিল্ডার বেস। দেখা যাক, সারাইজ বোটে চড়ে পৌছানো এই বিল্ডার বেস আমাদের কতদূর নিয়ে যায়। আগামীতে নতুন আপডেট নিয়ে আরও লেখা আসার আগেই আপনার বিল্ডার বেস নিয়ে লেগে যান। আর আপনার সঙ্গী হোক আনলিমিটেড ফান! **ক্ল**



আমেজের সৃষ্টি করেছে। আসুন জেনে নেই কী আছে এই নতুন আপডেটে।

সরাসরি দ্বিমুখী যুদ্ধ।

পুরণো স্থাপনাগুলোর জন্য নতুন আপডেট, যেমন- আরচার টাওয়ার।

নতুন স্থাপনা, যেমন- পুশ ট্র্যাপ, ক্লক টাওয়ার ও মাল্টিমোড।

আগের ট্র্যপের জন্য নতুন আপডেট, যেমন- স্লিকি আরচার।

নতুন ট্রাপস, যেমন- বৰ্ষার ও ক্যাননকার্ট।

নতুন হিরো, দ্য মাস্টার বিল্ডার।

নতুন আপডেট আসার কারণে গেমটি আবারও অনেকটা সতেজ আর আগের চেয়ে বেশি আনন্দময় হয়ে উঠেছে। হোমভিলেজ থেকে বোটে করে পৌছে যাওয়া যায় বিল্ডার বেসে যখন-তখন। তবে শৰ্ত হচ্ছে, আপনার হোমভিলেজে টাউন হলে এর

কাজ করে। বিল্ডার বেসে সংগ্রহ করা গোল্ড আর এলিক্সারগুলো আপনার হোম বেসে ব্যবহার করা যাবে না। কিন্তু জেমসগুলো অনায়াসেই সমুদ্র পাড়ি দিতে পারবে এই বেস থেকে সেই বেসে।

আসুন, নতুন বেসের পরিবেশ নিয়ে

আরেকটু জেনে নেই। নতুন বিল্ডিংগুলোর ভেতর থাকছে পুশ ট্র্যাপ, যা আপনার শক্রদের ছুড়ে ফেলবে। আপনার পছন্দের কোনো

দিকে। ক্লক টাওয়ার বেসের সবকিছুর গতি বাড়িয়ে দেবে। দ্য ক্রাশার নাগালের ভেতরে পাওয়া শক্রদের ভেঙ্গে রে শেষ করবে।



ক্ল্যাশ অব ক্ল্যানের নতুন আপডেট নিয়ে আরও লেখা আসার আগেই আপনার বিল্ডার বেস নিয়ে লেগে যান। আর আপনার সঙ্গী হোক আনলিমিটেড ফান!